# জাতীয় নির্বাচনের মতো স্থানীয় নির্বাচনও সুষ্ঠু হবে: সিইসি



প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদ নির্বাচনের মতো স্থানীয় সরকার নির্বাচনও সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হবে বলে আশা প্রকাশ করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন।

বুধবার (৯ সেপ্টেম্বর) রাজধানীর রাজারবাগ পুলিশ অডিটোরিয়ামে নির্বাচন প্রশিক্ষণ কর্মসূচি শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এ আশাবাদ জানান।

সিইসি বলেন, নির্বাচন কমিশনের মতো পুলিশ বাহিনীকেও নিরপেক্ষ অবস্থান থেকে দায়িত্ব পালন করতে হবে। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে পুলিশকে কোনো ধরনের বেআইনি নির্দেশনা দেবে না নির্বাচন কমিশন।

স্থানীয় সরকার নির্বাচনে আওয়ামী লীগের অংশগ্রহণ নিয়ে প্রশ্ন করা হলে এ এম এম নাসির উদ্দিন জানান, এ নির্বাচন দলীয় প্রতীকে বা দলীয়ভাবে অনুষ্ঠিত হবে না। আইন অনুযায়ী যারা প্রার্থী হওয়ার যোগ্যতা পূরণ করবেন, কেবল তারাই নির্বাচনে অংশ নেওয়ার সুযোগ পাবেন।

এ সময় পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির বলেন, নির্বাচন কমিশনের দেওয়া নির্দেশনা অনুসরণ করেই অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে কাজ করবে পুলিশ।

LENS ASIA